

বাংলাদেশ ইউনিভার্সিটির নতুন ট্রেজারার সাজেদ উল ইসলাম

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৪:১৯, ১১ সেপ্টেম্বর ২০২৪



সাজেদ উল ইসলাম

দেশের অন্যতম বেসরকারি বিশ্ববিদ্যালয় বাংলাদেশ ইউনিভার্সিটি (বিইউ) ট্রেজারার পদে নিয়োগ পেয়েছেন অধ্যাপক সাজেদ উল ইসলাম। আগামী চার বছরের জন্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্য মো: সাহাবুদ্দিন তাঁকে এ পদে নিয়োগ দিয়েছেন। গতকাল ১০ সেপ্টেম্বর এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়।

UNIBOTS

প্রজ্ঞাপনে বলা হয়েছে, রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্যের অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আইন ২০১০ এর ধারা ৩৩ (১) অনুযায়ী অধ্যাপক সাজেদ উল ইসলামকে ট্রেজারার পদে নিয়োগ প্রদান করা হলো।

কর্মমুখী ও মানসম্মত উচ্চ শিক্ষায় অঙ্গীকারবদ্ধ বাংলাদেশ ইউনিভার্সিটির ট্রেজারার হিসেবে নিয়োগ পাওয়ায় অধ্যাপক সাজেদ উল ইসলামকে শুভেচ্ছা জানিয়েছেন বিইউ'র বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান কাজী জামিল আজহার ও ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক মো: জাহাঙ্গীর আলম।

অধ্যাপক সাজেদ উল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে তাঁর শিক্ষাজীবন শেষ করে ১৯৯৭ সালে এএনজেড গ্রিনলেস ব্যাংকে তাঁর কর্মজীবন শুরু করেন। ২০১৮ সালে সিটি ব্যাংক এনআর ভিয়েতনামে যোগ দেন। সেখানে ডাইরেক্টর হেড অব মার্কেট এন্ড কান্ট্রি ট্রেজারার পদে প্রায় ৬ বছর কাজ করেন। এছাড়া তিনি গেষ্ট লেকচারার হিসেবে আইবিএ (ঢাকা বিশ্ববিদ্যালয়), বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক মানেজমেন্ট, ডাচ বাংলা ব্যাংক ও বোর্ড অব ইনভেসম্যান্ট এ কাজ করেন।

জনাব সাজেদ উল ইসলাম ২০০২ সালে বাংলাদেশ ইউনিভার্সিটিতে ব্যবসায় প্রশাসন বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেন। বিইউ'র ট্রেজারার নিয়োগের আগ পর্যন্ত তিনি বাংলাদেশ ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত ট্রেজারার হিসেবে দায়িত্ব পালন করেন।